# নির্বাচনী তালিকায় না থাকায় এনসিপিকে ‘শাপলা’ প্রতীক দেওয়া যায়নি: সিইসি



সংগৃহীত ছবি

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দীন জানিয়েছেন, অনুমোদিত প্রতীকের তালিকায় না থাকায় জাতীয় নাগরিক পার্টিকে (এনসিপি) ‘শাপলা’ প্রতীক দেওয়া সম্ভব হয়নি। তবে এ নিয়ে গণতান্ত্রিক প্রক্রিয়া ব্যাহত হবে না বলে আশ্বস্ত করেছেন তিনি।

নির্বাচনী প্রতীকের অনুমোদিত তালিকায় ‘শাপলা’ না থাকায় জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) তাদের পছন্দের প্রতীকটি পায়নি বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দীন।

রবিবার দুপুরে চট্টগ্রাম সার্কিট হাউসে আয়োজিত এক মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের তিনি বলেন, “নির্বাচন কমিশন সব দলকেই সমান সুযোগ দিতে বদ্ধপরিকর। তবে নির্ধারিত নিয়ম ও তালিকা অনুযায়ী প্রতীক বরাদ্দ দেওয়া হয়। তালিকায় না থাকায় এনসিপিকে শাপলা প্রতীক দেওয়া সম্ভব হয়নি।”

তিনি আরও বলেন, “এনসিপি কাঙ্ক্ষিত প্রতীক না পেলেও তা গণতান্ত্রিক চর্চায় কোনো প্রভাব ফেলবে না। যারা দেশের গণআন্দোলনে সক্রিয় ভূমিকা রেখেছেন, তারা গণতন্ত্রের পথে বাধা হয়ে দাঁড়াবেন না বলে বিশ্বাস করি।”

সিইসি নাসির উদ্দীন জোর দিয়ে বলেন, “আমরা একটি সুষ্ঠু, স্বচ্ছ ও অংশগ্রহণমূলক নির্বাচন চাই। রাতের অন্ধকারে ভোট নয়—প্রত্যেকটি ভোট হবে জনগণের সামনে, খোলামেলা পরিবেশে।”

তিনি আরও উল্লেখ করেন, নির্বাচন কমিশনের মূল লক্ষ্য হলো এমন একটি নির্বাচনী পরিবেশ তৈরি করা, যেখানে ভোটাররা নির্ভয়ে ভোট দিতে পারবেন এবং সকল রাজনৈতিক দল অংশগ্রহণে উৎসাহিত হবে।

LENS ASIA